# সার্ভে/জরীপ



সাধারণভাবে পরিমাপ করাকেই সার্ভে বা জরিপ বোঝায়

S S R K DIGITAL
ssrkdigital.com



# সার্ভে/জরীপ

**সার্ভে কে আকৃতিগত দিক থেকে সাধারণত সাত ভাগে ভাগ করা যায়ঃ**

১) ভূমি জরিপ বা ল্যান্ড সার্ভে
২) সামুদ্রিক জরিপ
৩) ভৌগোলিক জরিপ
৪) জ্যোতিষ্ক জরিপ
৫) খনি জরিপ
৬) বিমান জরিপ
৭) মিলিটারি জরিপ ইত্যাদি

S S R K DIGITAL
ssrkdigital.com

# ভূমি জরিপ বা Land Survey

ভূপৃষ্ঠের অন্তর্গত নানান ক্ষেত্রাদির সঠিক আকৃতি অনুযায়ী তাহার নকশা অংকন, ক্ষেত্রফল নির্ণয়, মধ্যেকার অনুভূমিক দূরত্ব (Horizontal Distance) পরিমাপ করে যে কোনো উপযুক্ত স্কেলে একটি মানচিত্র প্রস্তুত করা।

এবং যাবতীয় বিবরণ সংগ্রহ করিয়া লিপিবদ্ধ করাকেই ল্যান্ড সার্ভে সেটেলমেন্ট বলা হয়।



S S R K DIGITAL
ssrkdigital.com



# ভূমি জরীপের শ্রেনীবিভাগ

**যন্ত্রের প্রকারভেদ অনুসারে বিভিন্ন প্রকার জরিপ দেখা যায়। এগুলির মধ্যে উল্লেখযোগ্য হলঃ**

চেইন জরিপ (Chain Survey)
প্লেন টেবিল জরিপ (Plain Table Survey)
থিয়োডোলাইট জরিপ (Theodolite Survey)
লেভেলিং (Levelling)
দিগ্‌দর্শী জরিপ (Compass Survey)
ফটোগ্রাফিক জরিপ (Photographic Survey)
আকাশ জরিপ (Aerial Survey)

S S R K DIGITAL
ssrkdigital.com

# চেইন জরিপ (Chain Survey)



**চেইন বা ফিতার সাহায্যে জরীপ কার্য সম্পন্ন করা হয় তাই এই জরীপের নাম চেইন জরীপ।**

## বিভিন্ন প্রকার চেইন:

জমি জরিপের ক্ষেত্রে বিভিন্ন প্রকার চেইন ব্যবহৃত হয় যেমন

(ক) মেট্রিক চেইন (Metric chain)

(খ) ইঞ্জিনীয়ার চেইন (Engineer's chain)

(গ) গাণ্টার্স চেইন (Gunter's chain)

(ঘ) রেভিনিউ চেইন (Revenue chain)

(ঙ) স্টীলব্যণ্ড বা ব্যাণ্ড চেইন (Steel Band or Band chain)

S S R K DIGITAL
ssrkdigital.com


# মেট্রিক চেইন (Metric Chain)



মেট্রিক চেইনের দৈর্ঘ্য বিভিন্ন রকম হতে পারে। তবে সাধারণতঃ ৫ মিটার, ১০ মিটার, ২০ মিটার এবং ৩০ মিটার চেইন ব্যবহৃত হয়। মেট্রিক চেইনের লিঙ্কের দৈর্ঘ্য ২০০ মি. মি.। এক মিটারে ৫টা লিঙ্ক থাকে। সহজে পাঠ (reading) নেওয়ার জন্য ৫ মিটার ও ১০ মিটার চেইনে প্রতি ১ মিটার অন্তর ফুলি থাকে (tag)। আবার ২০ মিটার ও ৩০ মিটার চেইনে প্রতি ৫ মিটার অন্তর ফুলি (tag) লাগানো থাকে। ফুলিতে "m" লেখা থাকে যাতে অন্য চেইনের থেকে এর পার্থক্য বোঝা যায়।

S S R K DIGITAL
ssrkdigital.com

# মেট্রিক চেইন (Metric Chain)




20 Meter Chain

SSRK DIGITAL
ssrkdigital.com

# ইঞ্জিনীয়ার চেইন (Engineer Chain)



এই চেইন লম্বায় ১০০ ফুট হয়। প্রতিটি চেইন ১০০ টি অংশে বিভক্ত। প্রতিটি অংশের দৈর্ঘ্য ১ ফুট। প্রতিটি অংশের নাম লিংক। অর্থাৎ ইঞ্জিনীয়ার চেইনের ১ লিংক সমান ১ ফুট। মাপার সুবিধার জন্য প্রতি ১০ ফুট অন্তর একটি ধাতব ফুলি (tag) থাকে। ফুলিতে খাঁজ কাটা থাকে, ১০ ফুটের ফুলিতে একটি কোনা বিশিষ্ট ধাতব পাত, ২০ ফুটের ফুলিতে একটি খাঁজ কাটা থাকে ফলে দুটি কোণা তৈরি হয়, ৩০ ফুটের ফুলিতে তিনটি কোণা থাকে।

S S R K DIGITAL
ssrkdigital.com



# গান্টার্স চেইন (Gunter's chain)


সাধারণতঃ জমির নকশা প্রস্তুতের জন্য গান্টার চেইন ব্যবহৃত হয়। একে সার্ভেয়ার চেইনও বলা হয়। জমি জরিপের ক্ষেত্রে চেইন বলতে গান্টার চেইন-ই সচরাচর বোঝায়।

এটি উন্নত লোহা দ্বারা নির্মিত হয়। এটির দৈর্ঘ্য ২২ গজ বা ৬৬ ফুট। সম্পূর্ণ চেইনটি ১০০টি অংশে বিভক্ত। এক একটি অংশকে লিংক বলে। প্রতিটি লিঙ্কের দৈর্ঘ্য অবশ্যই সমান হবে। এক লিঙ্কের দৈর্ঘ্য ৭.৯২ ইঞ্চি। লিঙ্ক গুলি গোল বলয় দিয়ে যুক্ত থাকে। চেইনটি টানার জন্য দুই প্রান্তে পিতলের হাতল থাকে।

খুব তাড়াতাড়ি লিঙ্কের সংখ্যা গোণার জন্য ১০, ২০, ৩০, ৪০ এবং মধ্যস্থানে পিতলের পাত (Tag) বা ফুলি লাগানো থাকে। যেমন ১০ লিঙ্কের ফুলি, ২০ লিঙ্কের ফুলি, ৩০ লিঙ্কের ফুলি ইত্যাদি। ফলে একটা একটা করে লিঙ্ক গোণার দরকার হয় না।

SSRK DIGITAL
ssrkdigital.com

# গান্টার্স চেইন (Gunter's chain)




SSRK DIGITAL
ssrkdigital.com



# রেভিনিউ চেইন (Revenue Chain)

এই চেইন ক্যাডার্সট্রাল জরিপেও ব্যবহৃত হয়। এই চেইন লম্বায় ৩৩ ফুট। প্রতিটি চেইন ১৬টি ভাগে বিভক্ত। প্রতিটি অংশকে লিংক বলে। ১ লিংক = ২.০৬ ফুট।

S S R K DIGITAL
ssrkdigital.com

# স্টীল ব্যণ্ড চেইন (Steel band Chain)




একে ধাতব ফিতে (tap) বলা ভালো। এগুলি লম্বায় ২০ মিটার থেকে ৩০ মিটার পর্যন্ত হয়। স্টীল ও নিকেল দ্বারা প্রস্তুত সংকর ধাতু ইনভার দ্বারা এই চেইন তৈরি হয়। খুব একটা ভারী হয় না এবং সহজে অল্প জায়গায় গোটানো সম্ভব। অনায়াসে একে বহন করা যায়।

বর্তমানে বহুল প্রচলিত। সমস্ত চেইনের গুনাগুন এইপ্রকার চেইনে রয়েছে।

S S R K DIGITAL
ssrkdigital.com

# স্টীল ব্যণ্ড চেইন (Steel band Chain)



SSRK DIGITAL
ssrkdigital.com